

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
১৮৯/৪৮৫-৮৭, শিমরাইলকান্দি, ব্রাহ্মণবাড়িয়া।
http://food.brahmanbaria.gov.bd
www.dgfood.gov.bd

বিষয় : সড়ক পথে চালের চলাচল সূচী।

সড়ক পরিবহন সূচী নং- ৩০৩/১১-১৩

আশুগঞ্জ এলএসডি'র ধারণ ক্ষমতা ২৫০০ মে.টন। আশুগঞ্জ এলএসডিতে বর্তমানে ১২৭৩ মে.টন আমন সিদ্ধ/১৭-১৮ ও আমদানীকৃত সিদ্ধ ২২ মে.টন সহ মোট ১২৯৫ মে.টন চাল মজুদ রয়েছে। আশুগঞ্জ এলএসডিতে অচিরেই বোরো সংগ্রহ/১৮ এর কার্যক্রম শুরু হবে। মোট বোরো সংগ্রহ লক্ষ্যমাত্রা সিদ্ধ ১৯১৭৭ মে.টন ও আতপ ৩৮৮৪ মে.টন। চাল সংগ্রহের স্বার্থে গুদামে খালি জায়গা সৃষ্টি করা প্রয়োজন। অপরদিকে ব্রাহ্মণবাড়িয়া সদর, নাসিরনগর ও আখাউড়া এলএসডি'তে মে/১৮ ও জুন/১৮ মাসে বিশেষ জরুরী গ্রাহক, অন্যান্য জরুরী গ্রাহক, ভিজিডি, কাবিখা ও ভিজিএফসহ অন্যান্য খাতে বিলি বিতরণের জন্য মজুদ গড়ে তোলা প্রয়োজন।

বর্ণিত অবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম মহোদয়ের অদ্য ০৬/০৫/১৮ খ্রি: তারিখের টেলিফোনিক অনুমোদনের প্রেক্ষিতে নিম্নরূপ সূচী জারী করা হলঃ

ক্র/নং	প্রেরন কেন্দ্র	প্রাপক কেন্দ্র	পণ্য	পরিবহন ঠিকাদারের নাম	পরিমাণ	
১	ভারপ্রাপ্ত কর্মকর্তা, আশুগঞ্জ এলএসডি	সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর এলএসডি	আমন সিদ্ধ ১৭/১৮	মে/আঃ জব্বার ট্রেডার্স	৬৭.০০০ মে.টন	
				মে/সালিম এন্টারপ্রাইজ	৬৭.০০০ মে.টন	
				মে/মুরুল ইসলাম এন্ড ব্রাদার্স	৬৬.০০০ মে.টন	
		মোট =				২০০.০০০ (দুইশত) মে.টন
		ভারপ্রাপ্ত কর্মকর্তা, নাসিরনগর এলএসডি	আমন সিদ্ধ ১৭/১৮	মে/আঃ জব্বার ট্রেডার্স	৩৩.০০০ মে.টন	
				মে/সালিম এন্টারপ্রাইজ	৩৩.০০০ মে.টন	
মে/মুরুল ইসলাম এন্ড ব্রাদার্স	৩৪.০০০ মে.টন					
মোট =				১০০.০০০ (একশত) মে.টন		
২	ভারপ্রাপ্ত কর্মকর্তা, কসবা এলএসডি	ভারপ্রাপ্ত কর্মকর্তা, আখাউড়া এলএসডি		মে/আঃ জব্বার ট্রেডার্স	৬৭.০০০ মে.টন	
				মে/সালিম এন্টারপ্রাইজ	৬৭.০০০ মে.টন	
				মে/মুরুল ইসলাম এন্ড ব্রাদার্স	৬৬.০০০ মে.টন	
				মোট =		

- উক্ত সূচীর মেয়াদ আগামী ১৫/০৫/২০১৮ খ্রি: পর্যন্ত বলবৎ থাকবে।
- প্রেরক ঠিকাদার/প্রতিনিধির উপস্থিতিতে বস্ত্রা ক্রয়কেন্দ্র ও মিলের স্টেনসিল আছে- তা নিশ্চিত হয়ে পরিবহন যানে খাদ্যশস্য বোঝাই দিবেন।
- কোনো ভাবেই নিম্নমানের ও ফীট-যুক্ত খাদ্য গণ্য প্রেরণ করা যাবে না।
- প্রেরনকৃত খাদ্যশস্যের গুণগত মান, প্রকার ইত্যাদি ভি-ইনভয়েসে উল্লেখ পূর্বক প্রেরন কেন্দ্র বিধি মোতাবেক ভি-ইনভয়েস ইস্যু করবেন এবং প্রেরণ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও ঠিকাদারের যৌথ স্বাক্ষরে খাদ্যশস্যের নমুনা সীলগালা সমেত প্রাপক কেন্দ্রে নমুনা প্রেরণ করবেন, প্রেরণ কেন্দ্র ও ঠিকাদার একটি করে নমুনা সংরক্ষণ করবেন।
- ঠিকাদার কর্তৃক ট্রাক স্থাপনের সঙ্গে সঙ্গে অগ্রাধিকার ভিত্তিতে বোঝাই এবং বোঝাইকৃত মালামাল ত্রিপল দ্বারা ঢেকে বেধে দিতে হবে ও প্রাপক কেন্দ্র সঠিক ওজনে মালামাল খালাস করবেন।
- চলাচল সূচীর প্রাপ্ত মালামাল ইনভেন্ট্রির মাধ্যমে গ্রহণ করতে হবে। মালামাল প্রাপ্তির শেষে প্রাপক কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা উক্ত ইনভেন্ট্রির ০১ (এক) কপি প্রাপক কেন্দ্রে এবং ০১ (এক) কপি অত্র দপ্তরে প্রেরণ করবেন। মালামাল প্রাপ্তির শেষে প্রাপক কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর যৌথ স্বাক্ষরে প্রাপ্তির পূর্ণাঙ্গ প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে মালামাল পরিবহনে ব্যর্থ হলে সংশ্লিষ্ট ঠিকাদারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ভি-ইনভয়েসে ভারপ্রাপ্ত কর্মকর্তার অংশ ও প্রতিনিধির অংশ সঠিকভাবে পূরণ করতে হবে।
- চুক্তি মোতাবেক চলাচল কার্যক্রম পরিচালিত হবে।

স্বাঃ
(সুবীর নাথ চৌধুরী)

জেলা খাদ্য নিয়ন্ত্রক

ব্রাহ্মণবাড়িয়া।

ফোন : ০৮৫১-৫৮২৩২।

e-mail : dcf.bbr@dgfood.gov.bd

তারিখ-

৬/৫/১৮

স্মারক নং- ১৩.০৩.১২০০.০০৫.৫০.০০১.১৬-

৯৭২(৩৬)

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে

- পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
- আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম। (উপর্যুক্ত চলাচল সূচীর সদয় অনুমোদন দানের জন্য অনুরোধ করা হলো)
- পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
- সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (উক্ত সূচিটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া সদর। জারীকৃত সূচী মনিটরিং করার জন্য আপনাকে বলা হল।
- উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আশুগঞ্জ/আখাউড়া/নাসিরনগর/কসবা ব্রাহ্মণবাড়িয়া।
- সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর এলএসডি।
- ভারপ্রাপ্ত কর্মকর্তা, আশুগঞ্জ/আখাউড়া/নাসিরনগর/কসবা এলএসডি, ব্রাহ্মণবাড়িয়া।
- কারিগরী খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর।
- হিসাব শাখা/সরবরাহ শাখা, অত্র দপ্তর।
- মেসার্স, সড়ক পরিবহন ঠিকাদার, ব্রাহ্মণবাড়িয়া।
- মাষ্টার নথি।

স্বাঃ
জেলা খাদ্য নিয়ন্ত্রক
ব্রাহ্মণবাড়িয়া।